

চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আত্মবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং - ৫০/২০২৩

তারিখ: ২২/০৮/২০২৩ খ্রি:

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

এসোসিয়েশনের সদস্যপদ নবায়ন সংক্রান্ত বিজ্ঞপ্তি

সম্মানিত সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যে সকল সি এন্ড এফ এজেন্ট লাইসেন্স আগামী ৩১/১২/২০২৩ খ্রি. তারিখ মেয়াদ উত্তীর্ণ হবে, সে সকল সি এন্ড এফ এজেন্টদেরকে ২০২৪-২০২৮ সনের জন্য লাইসেন্স নবায়নের আবেদন আগামী ২৬/১০/২০২৩ খ্রি. তারিখের মধ্যে দাখিলের জন্য কাস্টম হাউস, চট্টগ্রাম কর্তৃক গণ বিজ্ঞপ্তি নং - ০১, তারিখ: ১৭/০৮/২০২৩ খ্রি. জারী করা হয়। যা প্রচার পত্র নং-৪৯/২০২৩, তারিখ: ২১/০৮/২০২৩ খ্রি. এর মাধ্যমে সম্মানিত সদস্যদের অবহিত করা হয়েছে। গণ বিজ্ঞপ্তির অনুচ্ছেদ-ক এর উপানুচ্ছেদ-১০ এবং কাস্টমস এজেন্টস লাইসেন্সিং বিধিমালা-২০২০ এর বিধি-১৫(১)(চ) অনুযায়ী স্ব স্ব দপ্তর সংশ্লিষ্ট এসোসিয়েশনের হাল-নাগাদ সদস্যভুক্তির সনদপত্র দাখিলের বাধ্যবাধকতা রয়েছে।

এ প্রেক্ষিতে এসোসিয়েশনের প্রধান দপ্তর (সি এন্ড এফ টাওয়ার, ১৪তম তলা, ১৭১২, শেখ মুজিব রোড, আত্মবাদ বা/এ, চট্টগ্রাম) হতে নিম্নোক্ত ফি পরিশোধ সাপেক্ষে হালনাগাদ সদস্য সনদপত্র সংগ্রহের জন্য সম্মানিত সদস্যদের অনুরোধ করা হলো।

সদস্যপদ নবায়ন ফি:

ক) সদস্যপদ নবায়ন ফি (২০২৪-২০২৮ সন) = ১৬২৫.০০ টাকা

খ) কল্যাণ তহবিল ফি (২০২৪-২০২৮ সন) = ৬০০০.০০ টাকা

মোট = ৭৬২৫.০০ টাকা

ধন্যবাদান্তে,

কাজী মাহমুদ ইমাম (বিলু)

সাধারণ সম্পাদক